রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৪, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৯শে আষাঢ়, ১৪০৯/৩রা জুলাই, ২০০২

এস, আর, ও নং ১৭৬-আয়কর/২০০২—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ৩রা অগ্রহায়ণ, ১৪০৬ বাং/১৭ই নভেম্বর, ১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৩৫-আইন/৯৯ রহিতক্রমে, অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোষ্টার ও ডাম্পবার্জ হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়করের হার পরিবর্তন করিয়া (modification) নিম্নবর্ণিত শর্তে ও হারে নির্ধারণ করিল, যথা ঃ—

(১) যদি করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোষ্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে, তাহা হইলে, নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা ঃ—

(ক) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ৪০.০০ টাকা;

(খ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোষ্টারের ক্ষেত্রে উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৬৫.০০ টাকা;

(গ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৫০.০০ টাকা।

(২) যদি করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোষ্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়া থাকে, তাহা হইলে, নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা ঃ—

(ক) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ২০.০০ টাকা;

(খ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোষ্টারের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৩৫,০০ টাকা;

(গ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ২৮.০০ টাকা।

(৩) দফা (১) ও (২) এর অধীন প্রদেয় আয়কর করদাতাকে তাহার নৌ-যান, কার্গো, কোষ্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশন বা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়নের পূর্বে প্রদান করিতে হইবে।

(৪) দফা (১) ও (২) এর অধীন প্রদেয় আয়কর বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকের যে শাখা এতদুদ্দেশ্যে নির্ধারণ করা হয় সেই শাখায়, কোম্পানী করদাতার ক্ষেত্রে, "১/১১৪১/০০০০/০১০১-আয়কর-কোম্পানীসমূহ" খাতে এবং কোম্পানী ব্যতীত অন্য করদাতার ক্ষেত্রে, "১/১১৪১/০০০০/০১১১-আয়কর-কোম্পানী ব্যতীত" খাতে চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে; অথবা তফশিলভুক্ত যে কোন ব্যাংকের একাউন্ট পেয়ি ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।

(৫) দফা (৪) এর অধীন প্রদেয় আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার সংশ্লিষ্ট নৌ-যান, কার্গো, কোষ্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত উক্ত কর্তৃপক্ষ উক্ত যানের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবে না।

(৬) এই প্রজ্ঞাপনের অধীন প্রদত্ত আয়করের ভিত্তিতে উল্লিখিত নৌ-যান, কার্গো, কোষ্টার বা ডাম্পবার্জ হইতে অর্জিত আয় আয়কর রিটার্ণে অন্তর্ভুক্ত করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন তৈলবাহী নৌ-যান (oil tanker) এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ দেলোয়ার হোসেন
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।